
দৈনিক জনকণ্ঠ

74

তারিখ ... 3.0 .DF... 1998 ... ...
পৃষ্ঠা ... কলাম ...



ডঃ হোসেন আলী



ডঃ হাসিব

# বুয়েট শিক্ষক সমিতি নির্বাচন ॥ সভাপতি ডঃ হোসেন আলী সম্পাদক ডঃ হাসিব

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর পুরকৌশল বিভাগের অধ্যাপক ডঃ মোঃ হোসেন আলী বুয়েট শিক্ষক সমিতির ১৯৯৯ সালের কার্যনির্বাহী সংসদের সভাপতি নির্বাচিত হয়েছেন। একই বিভাগের ডঃ মোঃ হাবিবুর রহমান সহসভাপতি এবং ডঃ হাসিব মোহাম্মদ আহসান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গতকাল মঙ্গলবার বুয়েটের পুরকৌশল ভবনের সেমিনার রুমে বুয়েট শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে দলীয় কোন প্যানেল ছিল না।

বুয়েট শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি ডঃ মোঃ হোসেন আলী তাঁর প্রতিক্রিয়া জানাতে গিয়ে বলেন, বুয়েট শিক্ষক সমিতির সভাপতি হওয়াটা ভাগ্যের ব্যাপার। আমি সর্বাত্মক চেষ্টা করব এ সমিতির সেবা করার। তবে সবার সহযোগিতা পেলেই এটা সম্ভব হবে। নির্বাচনের ফলাফলের ব্যাপারে রাজনৈতিক প্রভাব কাজ করেছে কিনা জিজ্ঞাসা করলে নবনির্বাচিত সভাপতি বলেন, যেহেতু দলীয় কোন প্যানেল ছিল না সুতরাং দলীয় প্রভাব কাজ করেনি এটা বোঝা যায়। সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদকও বলেছেন, নির্বাচনে রাজনৈতিক প্রভাব কাজ করেনি। দু'একজন হয়ত কোন কোন দলের সাথে জড়িত কিন্তু তার কোন প্রভাব নির্বাচনে পড়েনি। তিনি বলেন, শিক্ষকগণ আমাকে হয়ত যোগ্য মনে করেছেন বলেই নির্বাচিত করেছেন।

এদিকে নির্বাচনের সময় একদল পুলিশ বুয়েট ক্যাম্পাসে আসে যাতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে। বুয়েটের শিক্ষকগণ এ ঘটনায় দারুণ ক্ষুব্ধ হন। তবে কে পুলিশ পাঠানোর কথা বলেছে তা জানা যায়নি।

বুয়েট শিক্ষক সমিতির নির্বাচিত অন্যরা হলেন, যুগ্ম সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের জনাব মোঃ আশরাফুল ইসলাম, কোষাধ্যক্ষ পদে পুরকৌশল বিভাগের ডঃ মোঃ জাকারিয়া আহাম্মদ, পত্রিকা সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের ডঃ মোঃ জহুরুল হক, প্রমোদ সম্পাদক পদে পুরকৌশল বিভাগের মোঃ মিজানুর রহমান। সদস্য পদে ডঃ মোঃ আব্দুল জলিল (পুরকৌশল), ডঃ মোঃ রফিকউল্লাহ (রসায়ন), ডঃ মীর নাজমুল করিম (মানবিক), ডঃ মোঃ আব্দুর রউফ (পুরকৌশল), ডঃ এম শহিদুল আমিন (স্থাপত্য) এবং ডঃ এম রেজওয়ান খান (তড়িৎ ও ইলেক্ট্রনিক্স) নির্বাচিত হয়েছেন।